# কুমিল্লা সিটি কর্পোরেশন

নগর ভবন, কুমিল্লা

(cocc.portal.gov.bd)

## কুমিল্লা সিটি কর্পোরেশনের ৮৭তম সভার কার্যবিবরণী।

সভাপতি : আরফানুল হক রিফাত<br>মেয়র<br>কুমিল্লা সিটি কর্পোরেশন

তারিখ : ২৯/০৫/২০২৩খ্রি.

সময় : সকাল ১১.০০ঘটিকা

স্থান : সিটি কর্পোরেশনের অতীন্দ্র মোহন রায় সম্মেলন কক্ষ।

উপস্থিত সদস্যদের নামের তালিকা: পরিশিষ্ট ‘ক’

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। সভাপতি উপস্থিত সংরক্ষিত আসনের সম্মানিত সকল কাউন্সিলর, সাধারণ আসনের সম্মানিত সকল কাউন্সিলর, সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা ড. সফিকুল ইসলাম সভার কার্যক্রম পরিচালনা করেন।

০২। **আলোচনা ও সিদ্ধান্তসমূহ:**

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>০১.</td><td><u>পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন</u>: প্রধান নির্বাহী কর্মকর্তা গত ১০/০৪/২০২৩খ্রি. সভার কার্যবিবরণী বিস্তারিত পাঠ করে শুনান এবং কারো কোন আপত্তি/সংশোধনী আছে কিনা জানতে চান। সভার কার্যবিবরণী পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে সভায় উপস্থাপন করা হয়।</td><td>১০/০৪/২০২৩খ্রি. সভার কার্যবিবরণীর বিষয়াদির ওপর কারো কোন আপত্তি বা সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হলো।</td><td>বিভাগ ও শাখা প্রধান(সকল)</td></tr>
<tr><td>০২.</td><td><u>বিগত সভার সিদ্ধান্তের ওপর গৃহীত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা</u>: প্রধান নির্বাহী কর্মকর্তা ১০/০৪/২০২৩খ্রি. সভার সিদ্ধান্তের ওপর গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।</td><td>সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন কার্যক্রমের জন্য সভায় সন্তোষ প্রকাশ করা হয় এবং যে সকল সিদ্ধান্ত এখনও বাস্তবায়নাধীন ও প্রক্রিয়াধীন রয়েছে সেগুলো দ্রুত নিষ্পত্তির বিষয়ে কার্যকর পদক্ষেপ নেয়ার ওপর সভায় গুরুত্বারোপ করা হয়।</td><td>বিভাগ ও শাখা প্রধান(সকল)</td></tr>
<tr><td>০৩.</td><td><u>মাসিক আয়-ব্যয় বিবরণী উপস্থাপন</u>: হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মুহম্মদ আবদুল ওয়াদুদ সিটি কর্পোরেশনের বিভিন্ন শাখার রাজস্ব আদায় বিবরণী সম্মানিত সদস্যদের অবহিতির জন্য উপস্থাপন করেন। সভায় রাজস্ব আদায়ের তুলনামূলক তথ্য বিশ্লেষণ ও পর্যালোচনা করা হয়।<br>**(ii)** এপ্রিল ২০২৩ মাসের সিটি কর্পোরেশনের রাজস্ব আয় ও ব্যয়ের সারসংক্ষেপ নিম্নরূপ-<table><tr><th>আয়</th><th>ব্যয়</th></tr><tr><td>২,১৬,৩১,৩২০/- টাকা</td><td>৬,২৯,৫৯,৭৩৮/- টাকা</td></tr></table></td><td>রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে মাঠ পর্যায়ে চলমান রাজস্ব আদায় টিমের কার্যক্রম আরও জোরদার করতে হবে।</td><td>প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা<br>প্রধান রাজস্ব কর্মকর্তা</td></tr>
<tr><td>০৪.</td><td><u>উন্নয়ন কর্মকান্ড সংক্রান্ত</u>: সভাপতির অনুমতিক্রমে প্রধান প্রকৌশলী জনাব গৌতম প্রসাদ চৌধুরী চলমান ও সমাপ্তকৃত উন্নয়ন প্রকল্পের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনার পর চলমান ও সমাপ্তকৃত প্রকল্পের অগ্রগতি ও গুণগত মান সম্পর্কে সভায় সন্তোষ প্রকাশ করা হয়।</td><td>০১। প্রস্তাবিত ০৪টি প্রাক্কলন সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী দরপত্র আহ্বান/কোটেশনের মাধ্যমে পিপিআর ও প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক কাজ বাস্তবায়নের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো।</td><td>কাউন্সিলর (সকল)<br>প্রধান প্রকৌশলী<br>নির্বাহী প্রকৌশলী (সকল)</td></tr>
</table>

[illegible]-02.

[illegible]

**(ii)** প্রধান প্রকৌশলী কর্তৃক নিম্নলিখিত প্রাক্কলন/সংশোধিত প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

| ক্রম | প্রকল্প/কাজের নাম | প্রাক্কলিত অর্থ |
|---|---|---|
| ১. | কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকায় (ক) এসপি অফিস (খ) রাজগঞ্জ বাজার (গ) মোগলটুলি মোড় (ঘ) কাপড়িয়াপট্টি এবং (ঙ) চকবাজার বাস টার্মিনাল এর ক্ষতিগ্রস্ত রাস্তা মেরামত কাজ | ৪,৯৬,৮১৪.০০ |
| ২. | কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকায় (ক) নবাববাড়ি চৌমুহনী (খ) ইউসুফ স্কুল রোড (গ) বিষ্ণুপুর পোকশা মাজার রোড (ঘ) বিষ্ণুপুর চৌমুহনী এবং (ঙ) ভাটপাড়া পাক্কার মাথা ক্ষতিগ্রস্থ রাস্তা মেরামত কাজ। | ৪,৯১,৯২০.০০ |
| ৩. | এক্সকেভেটর-০১ গাড়ির ইঞ্জিন মেরামতকরণ। | ৭,৪৭,৮০০.০০ |
| ৪. | ধর্মপুর মহিলা মহাবিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণ কাজ। | ৪,৯৬,৮১৪.০০ |

**(iii)** <u>Re- Cost Estimate সংক্রান্ত:</u> নির্বাহী প্রকৌশলী জনাব মো: আবু সায়েম ভূইয়া নিম্নবর্ণিত Re- Cost Estimate অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

(ক) Cleaning of Old Gumti River to Shobopur, Sujanagar Sebokcolony to Songrise Eye Hospital, Balothopa, Bhakrabad Gass Office & Donessor Road Under Cumilla City Corporation (Ward No. 06, 16, 17 & 19), CUCC/REV/2022-2023/W-04, Tender ID No-777652 প্রস্তাবিত খাল প্রস্থ 10" - 0" ফুট 20" - 0" ও 28 - 0" প্রস্থে 02" - 0" ফুট গভীরতায় খাল খনন কাজের পুন:ভেরিয়েশন প্রাক্কলন প্রস্তুত করা হয়। চুক্তি মূল্য- ২৮,৫১,৩৪৯/-(আটাশ লক্ষ একান্ন হাজার তিনশত উনপঞ্চাশ) টাকা এবং ভেরিয়েশনের প্রাক্কলন মূল্য- ২৮,৫০,১৬৭/- (আটাশ লক্ষ পঞ্চাশ হাজার একশত সাতষট্টি) টাকা- ভেরিয়েশন প্রাক্কলন চুক্তিমূল্যের চেয়ে ০.০৪% কম।

(খ) Construction of Brick drain at Sonarang Compaound Road (Munsef bari) in ward no-11, CUCC/ADP/20222023/W-08, Tender ID No- 747024 প্রকল্পটি দুই পার্শ্বের রাস্তা সিসি ঢালাই করার পুন:ভেরিয়েশন প্রাক্কলন প্রস্তুত করা হয়। চুক্তি মূল্য- ৮,৯১,৯০০/- (আট লক্ষ একানব্বই হাজার নয়শত) টাকা এবং ভেরিয়েশন প্রাক্কলন মূল্য- ১০,২৪,৫৩৬/- কথায় (দশ লক্ষ চব্বিশ হাজার পাঁচশত ছয়ত্রিশ) টাকা। ভেরিয়েশন প্রাক্কলন চুক্তিমূল্যের চেয়ে ১৪.৮৭% বেশি হয়।

(গ) (1) Drain-191 Construction of RCC Drain Start from Katabil old CTG Road Medical College Road Via Housing Estate (Katabil Road), Link-01: Construction of RCC Drain at Katabil Road to Shaheb Bari, Link-2: Construction of RCC Drain at Katabil Road to Katabil Graveyard, Link-3: Construction of RCC Drain at Katabil Road to Boiddo Bari Road, Link-04,05: Construction of RCC Drain at Katabil Road to Housing Estate Boundary, Link-06: Estimate for Construction of RCC Drain Start from Housing Gol Market (Katabil Road) to Nurpur Road, Link Bokshia Dorbar Sharif Road & (2) Road-192 Developments of B.C Road Start from Katabil old CTG Road Medical College Road Via Housing Estate (Katabil Road), Link-01: Construction of RCC Road at Katabil Road to Shaheb Bari, Link-2: Construction of RCC Road at Katabil Road to Katabil Graveyard, Link-3: Construction of RCC Road at Katabil Road to Boiddo Bari Road ,Link-04,05: Construction of RCC Road at Katabil Road to Housing Estate Boundary, Link-06: Estimate for Construction of RCC Road Start from Housing Gol Market (Katabil Road) to Nurpur Road, Link Bokshia Dorbar Sharif Road Under Cumilla City Corporation (Ward No. 14 & 18),

০২। প্রস্তাবিত ০৩টি Re-Cost Estimate সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী পিপিআর ও প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক কাজ বাস্তবায়নের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো।

০৩। ডিপিপিসহ সকল উন্নয়ন প্রকল্পের ড্রইং, ডিজাইন অনুযায়ী যথাযথভাবে কাজ বাস্তবায়নে দায়িত্বশীল ও মনোযোগী হওয়ার জন্য প্রকৌশল বিভাগের সকল কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হলো।

০৪। ডিপিপিসহ যে সকল উন্নয়ন কাজ/প্রকল্প নিয়ে অনিয়মের অভিযোগ পাওয়া গেছে বা সাইট পরিদর্শনকালে অনিয়ম পরিলক্ষিত হয়েছে, এগুলো সমন্বিত তালিকা করে অনিয়মের কারণ চিহ্নিতকরণ, জটিলতা(যদি থাকে) এবং সমাধানের উপায় নির্ধারণপূর্বক তথ্যভিত্তিক প্রস্তাব/অগ্রগতি প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপনের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো।

সহকারী প্রকৌশলী (সকল)
উপসহকারী প্রকৌশলী (সকল)
কঞ্জারভেন্সি কর্মকর্তা

| | | | |
|---|---|---|---|
| | CUCC/CIDP/2022-2023/W-44, Tender ID: 749294- ২নং স্কীমের ড্রেনের প্রাক্কলনের সাথে রাস্তার প্রাক্কলন ধরা না থাকায় ০+৮৫০-১+০৪২মি. পর্যন্ত নতুন ড্রেইন নির্মাণ করায় রাস্তাটি অনেক অংশ সরু হয়ে যায়। ড্রেনের টপ স্ল্যাবের সাথে মিল রেখে রাস্তা নির্মাণে পুন: ভেরিয়েশন প্রাক্কলন প্রস্তুত করা হয়। চুক্তি মূল্য- ৫,৮৬,৪৬,২৫৭/-(পাঁচ কোটি ছিয়াশি লক্ষ ছেচল্লিশ হাজার দুইশত সাতান্ন) টাকা এবং ভেরিয়েশন প্রাক্কলন মূল্য- ৬,৫০,৬১,৬৮৩/-(ছয় কোটি পঞ্চাশ লক্ষ একষট্টি হাজার ছয়শত তিরাশি) টাকা। ভেরিয়েশন প্রাক্কলন চুক্তিমূল্যের চেয়ে ১০.৯৪% বেশি।<br><br>**(iv) <u>ডিপিপি বাস্তবায়ন অগ্রগতি:</u>** সভাপতির অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক জনাব মো: আবু সায়েম ভূইয়া **‘কুমিল্লা সিটি কর্পোরেশনের সমন্বিত অবকাঠামো উন্নয়ন’** শীর্ষক প্রকল্পের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি জানান, সম্মানিত কাউন্সিলরগণ হতে প্রাপ্ত তালিকা পর্যালোচনাপূর্বক প্রকল্পের **সংশোধিত তালিকা** তৈরী করা হয়েছে। এটি অনুমোদনের জন্য উর্ধ্বতন কতৃপক্ষের দপ্তরে প্রেরণ করা হবে। তিনি আরও বলেন, ডিপিপি’র আওতায় গৃহীত ওয়ার্ডভিত্তিক প্রকল্প তালিকা ইতোমধ্যে সকল সদস্যকে প্রেরণ করা হয়েছে। Over lapping পরিহারকল্পে ডিপিপি’র আওতায় গৃহীত প্রকল্প যেন রাজস্ব তহবিল বা অন্যবিধ খাতে প্রস্তাব করা না হয়, সেদিকে দৃষ্টি রাখার অনুরোধ জানান। বিশেষকরে প্রকল্পের আওতায় পুরাতন গোমতী বা মরা গোমতী নদী সৌন্দর্যবর্ধন কাজ হবে। তৎসংলগ্ন এলাকায় নতুন কোনো উন্নয়ন প্রকল্প প্রস্তাব প্রদানে বিরত থাকার জন্য অনুরোধ জানান।<br>সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১২) জনাব কাজী জিয়াউল হক বলেন, কাজের ড্রইং/ডিজাইন যথাযথভাবে অনুসৃত হচ্ছে না। ড্রেনের নিম্নতল বা Layer রাস্তার সমান্তরাল। ফলে ড্রেনের পানি বিপরীতমুখী হয়ে বাসা-বাড়িতে ঢুকবে। এতে উন্নয়ন কাজের প্রকৃত উদ্দেশ্য ব্যর্থতায় পর্যবসিত। ঠিকাদারের স্বেচ্ছাচারীতা ও প্রকৌশল বিভাগের কর্মকর্তাদের তদারকির ঘাটতির ফলশ্রুতিতে এরুপ অনিয়ম ঘটছে। চকবাজার-ডিগম্বরীতলা-মধুমতি সিনেমা হল পশ্চাৎ এলাকার নির্মাণাধীন ড্রেনের এ সংক্রান্ত একটি ভিডিওক্লিপ তিনি সভায় প্রদর্শন করেন। এ প্রেক্ষিতে জনস্বার্থে বিষয়টি গুরুত্বে নিয়ে কাজটি বন্ধ করাসহ দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে নোটিশ প্রদান ও প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি তাৎক্ষণিক নির্দেশনা প্রদান করেন।<br>সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১৪) জনাব আবুল কালাম আজাদ বলেন, পবিত্র ঈদুল আজহা আসন্ন প্রায়। যে সকল ড্রেন, কালভার্ট নির্মাণ কাজ চলমান রয়েছে- এরই মধ্যে এগুলোর কাজ শেষ করা জরুরি এবং ড্রেনের মাটি রাস্তা সংলগ্ন গর্ত/খানা-খন্দ ভরাট করার ব্যবস্থা নিতে অনুরোধ জানান।<br>সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১৭) জনাব হানিফ মাহমুদ ড্রেন নির্মাণে ক্ষতিগ্রস্ত তেলীকোনা মা-মনি হাসপাতাল পাশের খানা-খন্দ সড়ক ভরাট করার ব্যবস্থা নিতে অনুরোধ জানান।<br>সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ২৫) জনাব মো: এমদাদুউল্লাহ জানান, ড্রইং/ডিজাইন অনুযায়ী এ ওয়ার্ডে ড্রেন নির্মাণ কাজ হচ্ছে না। ঠিকাদারের স্বেচ্ছাচারী মনোভাব ও ঔদাসিন্য পরিলক্ষিত। সাইট ইঞ্জিনিয়ারের পরামর্শ ঠিকাদার তোয়াক্কা করে না- যা অনভিপ্রেত।<br>সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১৯, ২০, ২১) বেগম তাহমিনা আক্তার বলেন, ২০নং ওয়ার্ড হিন্দুপাড়া ড্রেন নির্মাণ কাজের গতি অত্যন্ত শ্লথ। বৃষ্টিশুরু হলে এ কাজ বাস্তবায়ন দুরূহ হয়ে পড়বে। এ প্রেক্ষিতে কাজটি দ্রুত সম্পাদনের লক্ষ্যে ঠিকাদারকে নোটিশ প্রদানের জন্য সভাপতি তাৎক্ষণিক নির্দেশনা প্রদান করেন।<br>সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০২) জনাব গাজী গোলাম ছারোয়ার তাঁর ওয়ার্ডে ড্রেনেজ সমস্যা নিয়ে আলোচনা করেন। ড্রেনেজ সমস্যা সমাধানে ভুক্তভোগী আবেদন করে কোনো প্রতিকার পায় নি। এ ওয়ার্ডে প্রকৌশল বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগের বিষয়ে কার্যকর কোনো পদক্ষেপ গ্রহণ না করায় সভায় অসন্তোষ প্রকাশ করেন। | ০৫। ‘কুমিল্লা সিটি কর্পোরেশনের সমন্বিত অবকাঠামো উন্নয়ন’ শীর্ষক প্রকল্পের সংশোধিত তালিকা চূড়ান্তকরত: অনুমোদনের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ/প্রকল্প দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।<br><br>০৬। বিভিন্ন ওয়ার্ডে খানা-খন্দ সড়ক, ড্রেন, কালভার্ট আসন্ন বর্ষা মৌসুম/ঈদুল আযহা ১৪৪৪ হিজরীর আগে O & M খাত হতে জরুরি মেরামতের ব্যবস্থা গ্রহণের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো। | |

| | | | |
|---|---|---|---|
| | সভাপতি বলেন, উন্নয়ন কাজের গুণগত মান ও টেকশই নিশ্চিতে ঠিকাদার এবং প্রকৌশল বিভাগের কর্মকর্তাগণ দায়বদ্ধ। জনপ্রতিনিধি হিসেবে স্থানীয় কাউন্সিলরেরও দায়-দায়িত্ব রয়েছে। কাজের গুণগত মানপ্রশ্নে কোনো ঠিকাদার তাঁর কাছে অনুকম্পা বা ছাড় পাবে না। তাহলে কাজের অনিয়মের ক্ষেত্রে প্রচলিত বিধি-বিধানের আওতায় আইনানুগ ব্যবস্থা গ্রহণের বাধা কোথায়? এখন থেকে কোনো অনিয়ম দৃষ্ট হলে তাৎক্ষণিক কাজ বন্ধসহ ঠিকাদারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে কোনো শৈথিল্য বা এড়িঁয়ে চলা পন্থা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ওপর দায় বর্তাবে। তিনি কাজের সিডিউল, ড্রইং, ডিজাইন অনুযায়ী প্রকল্প কাজ উত্তরণে নির্ভয়ে পেশাগত দায়িত্বপালনে মনোযোগী হওয়ার জন্য প্রকৌশল বিভাগের সকল কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। | | |
| ০৫. | **শাখাভিত্তিক আলোচনা:**<br>(ক) **বর্জ্য ব্যবস্থাপনা:** বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা জনাব মো: আলমগীর হোসেন জানান, পবিত্র ঈদুল আযহা ১৪৪৪ হিজরী আসন্ন। এদিন সিটি কর্পোরেশন কর্তৃক কোরবানির পশুর বর্জ্য অপসারণের সুবিধা এবং সুস্থ পরিবেশ রক্ষার্থে কোরবানির পশুর বর্জ্য সংগ্রহের জন্য নগরীর সকল ওয়ার্ডে প্রতি বছর কোরবানি দাতাদের মধ্যে প্লাস্টিকের ব্যাগ/বস্তা বিতরণ করা হয়। গেল বছর সিটি কর্পোরেশন এলাকায় ১৭হাজার ব্যাগ বিতরণ করা হয়েছে। এ বছর চাহিদা কিছুটা বৃদ্ধি পেয়েছে। সম্মানিত সদস্যগণ বর্জ্য অপসারণে প্লাস্টিকের ব্যাগ/বস্তা বরাদ্দ বাড়ানোর যৌক্তিকতা তুলে ধরে ২৫হাজার প্রস্তাব করেন। এ নিয়ে সভা বিস্তারিত আলোচনা হয়।<br><br>(খ) **উচ্ছেদ অভিযান সংক্রান্ত:** সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১২) জনাব কাজী জিয়াউল হক জানান, নানুয়ারদিঘির চতুষ্পাড় সিটি কর্পোরেশন কর্তৃক ব্যাপক শোভাবর্ধন করা হয়েছে। এখানে মনোমুগ্ধকর পরিবেশে সিনিয়র সিটিজেনসহ সর্বস্তরের নাগরিকগণ সকাল-সন্ধ্যা হাটা-চলায় স্বস্তিবোধ করেন। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা গেছে যে, চটপটি/নানান পসড়া সাঁজিয়ে অবৈধ দোকানে রমরমা ব্যবসা চলছে। তাছাড়া এসব দোকানে বা দোকানীদের আশ্রয়-প্রশ্রয়ে বিভিন্ন মাদক বেচা-কেনা হয়। এতে দিঘিপাড়ে স্বাচ্ছন্দ্যে চলাচল ব্যাহত এবং পথচারীগণ ভীতসন্ত্রস্ত। তাই নানুয়ারদিঘিরপাড়স্থ সকল অবৈধ দোকান-পাট উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতিকে অনুরোধ জানান। এছাড়া দিঘির উত্তরপাড় অননুমোদিত ভবন নির্মাণ বন্ধ করার ওপর গুরুত্বারোপ করে বক্তব্য প্রদান করেন। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১১) ও মেয়রের প্যানেল সদস্য-০১ জনাব হাবিবুর আল-আমিন সাদী জানান, সরকারি মহিলা কলেজ রোডে অনুরুপ জবর-দখলকারী ও মাদককারবারী রয়েছে। এদের উচ্ছেদ করা জরুরি।<br><br>(গ) **বাজার শাখা:** সিটি কর্পোরেশন এলাকায় কোরবানির পশুর হাট নিয়ে সভায় আলোচনা হয়। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ২৩) জনাব মো: আনিসুজ্জামান ঈদুল আযহা ১৪৪৪ হিজরী উপলক্ষে চাঙ্গিনী (পুলিশ ফাড়ি সংলগ্ন) অস্থায়ী পশুরহাট বসানোর অনুরোধ জানিয়েছেন। এটি অনেক পুরনো কোরবানির পশুরহাট। কোভিড-১৯ পরিস্থিতিতে গেল কয়েক বছর এ পশুরহাট বসেনি। এ বছর ক্রেতা-বিক্রেতার ব্যাপক সমাগম এবং অস্থায়ী ইজারার মাধ্যমে সিটি কর্পোরেশনের রাজস্ব আহরণ হবে। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ০১। পবিত্র ঈদুল আযহা ১৪৪৪ হিজরী উপলক্ষে কোরবানির পশুর বর্জ্য অপসারণে সিটি কর্পোরেশনের লোগো ও নামাঙ্কিত উন্নতমানের ২২(বাইশ) হাজার প্লাস্টিকের ব্যাগ/বস্তা সংস্থান/ক্রয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>০২। নানুয়ারদিঘিপাড়, সরকারি মহিলা কলেজ রোডসহ প্রধান প্রধান সড়কে জবর-দখল ও অবৈধ দোকান/স্থাপনা নিয়মিত উচ্ছেদ অভিযানের মাধ্যমে অপসারণ করতে হবে। এছাড়া নানুয়ারদিঘিরপাড় স্থায়ী দোকানদের সাথে আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণের জন্য স্থানীয় কাউন্সিলর(ওয়ার্ড নং ১১ ও ১২)-কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০৩। সিটি কর্পোরেশনের রাজস্ব আহরণ ও কোরবানির পশু ক্রেতা-বিক্রেতাদের সুবিধার্থে চাঙ্গিনী (পুলিশ ফাড়ি সংলগ্ন) স্থানে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কোরবানির পশুরহাট স্থাপনের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় আইনানুগ পদক্ষেপ গ্রহণের পদক্ষেপ গ্রহণ করা হবে। | কাউন্সিলর (সকল)<br>প্রধান প্রকৌশলী<br>প্রধান রাজস্ব কর্মকর্তা<br>নির্বাহী প্রকৌশলী (সকল)<br>সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)<br>সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা<br>বাজার কর্মকর্তা |

(ঘ) **পরিবহন ও সড়ক বাতি শাখা:** সহকারী প্রকৌশলী(যান্ত্রিক/বিদ্যুৎ) জনাব মো: খাইরুল বাসার নিম্নলিখিত প্রাক্কলন/প্রস্তাবসমূহ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

| ক্রম | প্রকল্প/কাজের নাম | প্রাক্কলিত অর্থ |
|---|---|---|
| ১. | মিনি এক্সকেভেটর-০২ (ববক্যাট) লোহার চেইন ক্রয় | ২,৫৯,৫০০.০০ |
| ২. | মিনি এক্সকেভেটর-০৩ (বলভো) লোহার চেইন ক্রয় | ২,৪৮,০০০.০০ |
| ৩. | ২০টি গার্বেজ ট্রাকের জন্য বিভিন্ন সাইজের ৩২টি টায়ার ক্রয় সম্ভাব্য ব্যয় প্রাক্কলন | ৯,০০,০০০.০০ |
| ৪. | সিটি কর্পোরেশনের রাজস্ব আহরন এবং নাগরিক সেবা-পরিষেবা কার্যক্রম ডিজিটালাইজড/অটোমেশনকরণে মোবাইল এ্যাপ ও ওয়েববেইজ সফটওয়্যার তৈরীকরণ | ২,০০,০০,০০০.০০ |
| ৫. | সিটি কর্পোরেশনের গাড়ি ঢাকা মেট্রো-ঠ-১১-৭০৩০ ইঞ্জিন মেরামত | ১,৭০,০০০.০০ |
| ৬. | সিটি কর্পোরেশনের গাড়ি ঢাকা মেট্রো-ঠ-১৩-৪০৩৩ সার্ভিসিং, ডেকোরেশন ও ডেন্টিং কাজ | ৩,৪০,০০০.০০ |
| ৭. | সিটি কর্পোরেশনের গাড়ি কুমিল্লা-ঘ-১১-০০২৮ সার্ভিসিং, ডেকোরেশন, ডেন্টিং, পেইন্টিং ও মেরামত কাজ | ৮,৫৫,০০০.০০ |

(ii) সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন ও যুগোপযোগীকরণে বড় সাইজের চেইন টাইপ বুলডোজার ক্রয়/ভাড়াভিত্তিতে সংস্থান করা।

(iii) বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম নিরবচ্ছিন্নকরণ, মনিটরিং ও মূল্যায়নে সুবিধার্থে একটি উপ-কমিটি গঠন।

(iv) সড়কবাতি ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পরীক্ষামূলকভাবে বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি (BMTF) হতে LED Street Light ক্রয়।

(ঙ) **ট্রেড লাইসেন্স খাতে নতুন ধরণ ও ফি নির্ধারণ সংক্রান্ত:** প্রধান রাজস্ব কর্মকর্তা জনাব মো: মোস্তাফিজুর রহমান জানান, সিটি কর্পোরেশনের পরিচালন ব্যয় দিন দিন বৃদ্ধি পাচ্ছে। সে অনুপাতে আয় বাড়ছে না। প্রতিষ্ঠানের আর্থিক সক্ষমতা বাড়ানোর জন্য রাজস্ব বিভাগ নানাবিধ প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। সিটি কর্পোরেশন আদর্শ কর তফসিল, ২০১৬ এর আওতায় বিভিন্ন কর ও ফি আদায় করা হয়। এ তফসিলে অন্তর্ভুক্ত নেই, এরুপ কতিপয় নতুন খাত বা ধরণ চিহ্নিত করা হয়েছে এবং এ ধরণের ব্যবসা প্রতিষ্ঠান বিদ্যমানও রয়েছে। এ সকল খাত বা ধরণ হতে ফি নির্ধারণপূর্বক রাজস্ব আহরণ বাড়ানো সম্ভব। নতুন ধরণ ও প্রস্তাবিত ফি নিম্নরূপ। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

| ক্রম | ব্যবসার ধরণ | প্রস্তাবিত ফি |
|---|---|---|
| ১. | পর্দা দোকান/ব্যাগ তৈরি | ১০০০/- |
| ২. | মটর সাইকেল বিক্রয়/ শোরুম | ৩০০০/- |
| ৩. | চা-পাতা দোকান | ৫০০/- |
| ৪. | প্যাকেজিং/মোড়কজাতকরণ/প্রিন্টিং | ৩০০০/- |
| ৫. | নির্মান ঠিকাদার/বাড়ী-ভাড়া | ২০০০/- |
| ৬. | উৎপাদনকারী প্রতিষ্ঠান (বড়) | ৫০০০/- |
| ৭. | উৎপাদনকারী প্রতিষ্ঠান (ছোট ) | ৩০০০/- |
| ৮. | মিষ্টির কারখানা | ১৫০০/- |
| ৯. | ঘড়ি মেরামত/চশমা মেরামত/শান দোকান | ৫০০/- |
| ১০. | জাল/রশি/বড়শী/ছাতা দোকান | ৫০০/- |
| ১১. | স্বর্ণ/রুপা মাননিয়ন্ত্রন সেন্টার(হলমার্ক) | ২০০০/- |

০৪। বর্জ্য পরিবহন ও সড়ক বাতি ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে সম্পাদন, উন্নয়ন ও গতিশীলকরণে প্রস্তাবিত ০৭টি প্রাক্কলন এবং প্রস্তাবসমূহ সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী দরপত্র আহ্বান/কোটেশনের মাধ্যমে পিপিআর ও প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক সিটি কর্পোরেশনের আর্থিক সংগতি ও অগ্রাধিকার বিবেচনায় পর্যায়ক্রমে বাস্তবায়নের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো।

০৫। সিটি কর্পোরেশনের আর্থিক সক্ষমতা বৃদ্ধিকল্পে সিটি কর্পোরেশন আদর্শ কর তফসিল, ২০১৬ এ অন্তর্ভুক্ত নেই- এরুপ প্রস্তাবিত ব্যবসার ধরণ ও ফি এর তালিকা অনুমোদনের প্রস্তাব সভায় সর্বসম্মতভাবে গৃহীত হলো। পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান রাজস্ব কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

০৬। গত অর্থ বছর পর্যন্ত প্রদানকৃত সকল লিমিটেড কোম্পানীর লাইসেন্স (EPZ সহ) ধরণ এবং ফি অপরিবর্তিত থাকবে। ব্যবসার ধরণ একাধিক উপ-ধারায় উল্লেখ থাকলে, যে উপ-ধারায় বেশি অর্থাৎ সর্বোচ্চ ফি আদায়যোগ্য হবে।

| ক্রম | ব্যবসার ধরণ | প্রস্তাবিত ফি |
|---|---|---|
| ১২. | ব্যাটারী চার্জিং/গাড়ি পার্কিং সেন্টার/রিক্সা গেরেজ | ২০০০/- |
| ১৩. | পাখি/কবুতর/কোয়েল দোকান | ৫০০/- |
| ১৪. | আয়ুর্বেদী/ইউনানী/প্রাণি পুষ্টি প্রিমিক্স ( উৎপাদন) | ৩০০০/- |
| ১৫. | আয়ুর্বেদী/ইউনানী/প্রাণি পুষ্টি প্রিমিক্স বিক্রেতা | ১৫০০/- |
| ১৬. | ভেটেরিনারী/ পোল্ট্রি/ মাছের ঔষধ/পোল্ট্রি খাদ্য/ভুষা মাল | ১০০০/- |
| ১৭. | কাষ্টমার কেয়ার সেন্টার/সার্ভিসিং সেন্টার | ৫০০০/- |
| ১৮. | গরু মোটা তাজাকরণ/হাঁস/কোয়েল/কবুতর/মৎস খামার | ১০০০/- |
| ১৯. | এলপিজি ষ্টেশন | ৩০০০/- |
| ২০. | বুটিক হাউজ/বিউটি পার্লার (ছোট) | ১০০০/- |
| ২১. | ক্রোকারিজ/থাই এ্যালমুনিয়াম (ছোট) | ১৫০০/- |
| ২২. | চিকিৎসা, বিক্রয় ও প্রদর্শন কেন্দ্র | ৩০০০/- |
| ২৩. | রিহ্যাব সেন্টার/রোগ নিরাময় কেন্দ্র | ৫,০০০/- |

০৬. **কুমিল্লা সিটি কর্পোরেশনের ২০২২-২০২৩ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট অনুমোদন সংক্রান্ত:** হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মুহম্মদ আবদুল ওয়াদুদ, কুমিল্লা সিটি কর্পোরেশনের ২০২২-২০২৩ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট সম্মানিত সদস্যদের অবহিতির জন্য পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে সভায় উপস্থাপন করেন। প্রস্তাবিত বাজেট নিয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। কুমিল্লা সিটি কর্পোরেশনের ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট সারসংক্ষেপ নিম্নরুপ-

| খাত | প্রকৃত<br>২০২১-২০২২ | সংশোধিত বাজেট<br>২০২২-২০২৩ | প্রস্তাবিত বাজেট<br>২০২৩-২০২৪ |
|---|---|---|---|
| মোট আয়( উপাংশ-১) | ৩৯,৪৭,৮৩,৫১৪.৩৭ | ৪৬,১২,৭০,৯৭৩.০০ | ৭৭৩,৫,০৭,২৩০.০০ |
| মোট আয়( উপাংশ-২) | ১,৮০,৮৯,৬৫৮.৩২ | ২,৪৩,৪২,৮০০.০০ | ৪,০৭,০৬,০০০.০০ |
| **রাজস্ব আয়** | **৪১,২৮,৭৩,১৭২.৬৯** | **৪৮,৫৬,১৩,৭৭৩.০০** | **৮১,৪২,১৩,২৩০.০০** |
| উন্নয়ন অনুদান/আয় | ৭৯,৩০,০৫,৪৬৭.০০ | ২৭৩,৬৯,৭৫,১৬২.০০ | ৬৫৭,১২,৫৯,৩৪২.০০ |
| **মোট আয়** | **১২০,৫৮,৭৮,৬৩৯.৬৯** | **৩২২,২৫,৮৮,৯৩৫.০০** | **৭৩৮,৫৪,৭২,৫৭২.০০** |
| প্রারম্ভিক তহবিল | ৬৫,২৮,৭০,১৩৮.৪১ | ৫১,৫০,৪৭,৯২৫.৬৯ | ৯,৮২,৯২,৪৭৮.৬৯ |
| **সর্বমোট** | **১৮৫,৮৭,৪৮,৭৭৮.১০** | **৩৭৩,৭৬,৩৬,৮৬০.৬৯** | **৭৪৮,৩৭,৬৫,০৫০.৬৯** |
| | | | |
| মোট ব্যয় ( উপাংশ-১) | ২৭,৬৫,৫০,৩৩৮.০৩ | ৩১,৮০,৫০,০০০.০০ | ৪৫,৪৩,২০,০০০.০০ |
| মোট ব্যয় ( উপাংশ-২) | ১,৪৯,৩৪,৩৯৩.৩৭ | ২,৭১,৩৫,০০০.০০ | ৪,০৫,৪০,০০০.০০ |
| **রাজস্ব ব্যয়** | ২৯,১৪,৮৪,৭৩১.৪০ | ৩৪,৫১,৮৫,০০০.০০ | ৪৯,৪৮,৬০,০০০.০০ |
| উন্নয়ন ব্যয় | ১০৫,২২,১৬,১২১.০১ | ৩২৯,৪১,৫৯,৩৮২.০০ | ৬৮৫,১১,৫৯,৩৪২.০০ |
| **মোট ব্যয়** | **১৩৪,৩৭,০০,৮৫২.৪১** | **৩৬৩,৯৩,৪৪,৩৮২.০০** | **৭৩৪,৬০,১৯,৩৪২.০০** |
| সমাপনী তহবিল | ৫১,৫০,৪৭,৯২৫.৬৯ | ৯,৮২,৯২,৪৭৮.৬৯ | ১৩,৭৭,৪৫,৭০৮.৬৯ |
| **সর্বমোট মোট** | **১৮৫,৮৭,৪৮,৭৭৮.১০** | **৩৭৩,৭৬,৩৬,৮৬০.৬৯** | **৭৪৮,৩৭,৬৫,০৫০.৬৯** |

সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১২) জনাব কাজী জিয়াউল হক বলেন, সিটি কর্পোরেশনের দৈনিক হাজিরাভিত্তিক কর্মীরা ন্যূনতম বেতন সুবিধা নিয়ে চাকুরি করছে। বর্তমান বাজার দুর্মূল্যে এরা পরিবার-পরিজন নিয়ে কি মানবেতর ও দুর্বিষহ দিনাতিপাত করছে- এটা একবার ভেবে বিবেচনা করা দরকার। তিনি দৈনিক হাজিরাভিত্তিক কর্মীদের মজুরী বৃদ্ধি বিবেচনার জন্য বাজেটে প্রয়োজনীয় অর্থ সংস্থানের ব্যবস্থা রাখার অনুরোধ জানান।

সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৩) জনাব সরকার মাহমুদ জাবেদ প্রস্তাবিত বাজেট বাস্তবায়ন ও রাজস্ব আহরণ লক্ষ্যমাত্রা অর্জনে বিদ্যমান ব্যবস্থার পাশাপাশি আয় বৃদ্ধিকল্পে নতুন নতুন উৎস চিহ্নিতকরণ ও ক্ষেত্র প্রসারিত করার ওপর গুরুত্বারোপ করেন। সিটি কর্পোরেশনের আওতাধীন রাজগঞ্জ বাজার, রানির বাজার ও চকবাজার উন্নয়ন পরিকল্পনা গ্রহণপূর্বক আয়বর্ধনমূলক প্রকল্প গ্রহণের জন্য পরামর্শ প্রদান করেন। এছাড়া পাড়া-মহল্লায় ট্রেড লাইসেন্সবিহীন দোকান বা নানাবিধ ব্যবসা প্রতিষ্ঠান রয়েছে। এগুলো তালিকা করে ট্রেড লাইসেন্সের আওতায় জন্য ওয়ার্ডভিত্তিক অভিযান পরিচালনা কর দরকার। সিটি কর্পোরেশনের আয় বাড়লে কর্মীদের বেতন-ভাতা বৃদ্ধিসহ প্রতিষ্ঠানের সক্ষমতা উন্নয়ন সম্ভব হবে।

চলমান পাতা-০৭-

প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, কুমিল্লা সিটি কর্পোরেশনের ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট নানান পর্যায়ে সভা করে পর্যালোচনা করা হয়েছে। কুমিল্লা-০৬ আসনের মাননীয় সংসদ সদস্য মহোদয় প্রস্তাবিত বাজেটে কতিপয় বিষয়াদি যেমন উন্নয়ন বরাদ্দ, ব্যয়, স্থিতি ইত্যাদি এবং রাজস্ব বাড়ানো ওপর গুরুত্বপূর্ণ নির্দেশনা প্রদান করেছেন। এ আলোকে প্রস্তাবিত বাজেট কিছুটা সংশোধন/কাঁট-ছাঁট করা হয়েছে। উপস্থিত সদস্যগণের কোনো পরামর্শ বা মতামত থাকলে তা সংযোজন বা বিয়োজন করা হবে। প্রস্তাবিত বাজেট বাস্তবায়নে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

সভাপতি বলেন, কুমিল্লা সিটি কর্পোরেশনের জনবল, লজিস্টিক ও সম্পদ সীমিত। আর্থিক সক্ষমতাও গড়ে উঠেনি। কিন্তু নাগরিক সেবার চাহিদা ও প্রত্যাশা অনেক বেশী। সীমিত জনবল, সম্পদের দ্বারা পরিকল্পিত ও দক্ষতার মাধ্যমে নাগরিক সেবা প্রদানের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ' কুমিল্লা সিটি কর্পোরেশনের সমন্বিত অবকাঠামো উন্নয়ন'-শীর্ষক প্রকল্পের আওতায় ০১ জানুয়ারি ২০২২ থেকে ৩১ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত ০৩বছর মেয়াদে ১৫৩৮.১০৪৪ কোটি টাকার কাজ চলমান আছে। এছাড়া আরবান ডেভেলপমেন্ট সিটি গভর্নেন্স প্রজেক্ট (UDCGP) আওতায় ১০০.০০ কোটি টাকা এবং Local Government COVID-19 Response and Recovery Project (LGCRRP) আওতায় ৬.২৭ কোটি টাকার উন্নয়ন কাজ বাস্তবায়িত হবে। অতএব সহজেই অনুমেয় যে, উন্নয়ন কাজ বাস্তবায়নে সিংহভাগ বরাদ্দ দাতা সংস্থা সহায়তা প্রদান করছে। প্রতিষ্ঠানের পরিচালন ব্যয় নির্বাহ শেষে আর্থিক স্বাচ্ছল্যের অভাবে নিজস্ব তহবিল হতে সীমিত পরিসরে উন্নয়ন কাজ হয়। তাই সিটি কর্পোরেশনের আর্থিক সক্ষমতা বাড়ানোর বিকল্প নেই। এ লক্ষ্যে হোল্ডিং কর, ট্রেড লাইসেন্স ও অন্যান্য পরিষেবা বিল আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে প্রচলিত বিধি-বিধানের আওতায় আরও উদ্ভাবনী, কৌশলী ও দৃঢ় হওয়া চাই। অন্যথায় রাজস্ব আদায়ে লক্ষ্যমাত্রা অর্থাৎ ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট বাস্তবায়ন দুষ্কর হয়ে পড়বে। সিটি কর্পোরেশনের রাজস্ব আহরন ও বৃদ্ধিকল্পে কার্যকর ভুমিকা গ্রহণের জন্য সম্মানিত সকল কাউন্সিলর ও কর্মকর্তাকে অনুরোধ জানান। কুমিল্লা সিটি কর্পোরেশনের ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট প্রণয়নে যে সকল কর্মকর্তা-কর্মচারী অক্লান্ত পরিশ্রম ও মেধার স্বাক্ষর রেখেছেন, তাঁদের সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

**সিদ্ধান্ত:** কুমিল্লা সিটি কর্পোরেশনের ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হয়। এতদবিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

**বাস্তবায়ন:** প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৭. | বিবিধ: (ক) <u>যানজট নিরসনে শহরে অটোরিক্সা (দু'সিট বিশিষ্ট মিশুক) চলাচল অনুমোদন সংক্রান্ত</u>: সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৩) জনাব সরকার মাহমুদ জাবেদ জানান, যানজটের কারণে নগরবাসী অতীষ্ঠ। অটো ও অটোরিক্সার দৌরাত্ম্য কিছুতেই রোধ করা যাচেছ না। হরমামেশা যত্রতত্র যাত্রী উঠা-নামা যানজট তৈরী করছে। তাই শহরে অটো চলাচল নিষিদ্ধ করা চাই। বিকল্প পরিবহন বা গণপরিবহন বা দু'সিট বিশিষ্ট মিশুক চালু করা দরকার। এছাড়া যানজট নিরসন হবে না। সিএনজি বা দু'সিট বিশিষ্ট মিশুক বা পায়ে চালিত রিক্সা চলাচলের জন্য সিটি কর্পোরেশন কর্তৃক পরীক্ষামূলকভাবে সীমিত সংখ্যক লাইসেন্স প্রদানের প্রস্তাব করেন। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১১) ও মেয়রের প্যানেল সদস্য-০১ জনাব হাবিবুর আল-আমিন সাদী যানজট নিরসনে তাঁর কিছু উদ্ভাবনী কর্মপরিকল্পনা তুলে ধরেন। যেমন- (১) মিশুক ও সিএনজি চলাচলে নির্ধারিত সংখ্যক রেজিস্ট্রেশন বা লাইসেন্স প্রদান (২) সিটি কর্পোরেশন এলাকার স্থায়ী বাসিন্দা এবং শুধুমাত্র এনআইডি কার্ডধারী পেশাজীবিকে লাইসেন্স প্রদান (৩) স্থানীয় কাউন্সিলরের প্রত্যয়ন (৪) প্রধান প্রধান সড়কে সকল ভ্যানগাড়ি চলাচল নিষিদ্ধকরণ (৫) সড়ক ও ফুটপাতে অবৈধ উচ্ছেদ (৬) বাইরের সিএনজি, অটো শহরে প্রবেশ বন্ধকরণ ইত্যাদি। এছাড়া এ নিয়ে কার্যকর কর্মপরিকল্পনা গ্রহণকল্পে একটি পৃথক সভা আহ্বানের ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতিকে অনুরোধ জানান।<br><br>প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, নগরীর যানজট প্রশমনে সিটি কর্পোরেশন, জেলা প্রশাসন ও পুলিশ বিভাগ নানাবিধ কার্যক্রম পরিচালনা করছে। এটি সমন্বিত ও আরও কার্যকরভাবে পরিচালনা করা দরকার। যানজটের অন্যতম কারণ হিসেবে চিহ্নিত শহরময় সয়লাব হাজার হাজার অটোরিক্সা উচ্ছেদ জরুরি। বিকল্প গণপরিবহন ব্যবস্থা গ্রহণ পর্যন্ত সিটি কর্পোরেশন কর্তৃক সীমিত সংখ্যক সিএনজি, মিশুক(দু'সিট বিশিষ্ট অটো), পায়ে চালিত রিক্সা চলাচলে রেজিস্ট্রেশন প্রদান করে যানজট প্রশমনে নিয়ামক হবে। এ পদক্ষেপ সাময়িক কিছুটা বিড়ম্বনা হলেও সহসাই তা উত্তোরণ ঘটবে। নগরীতে যাতায়াতে শৃঙ্খলা ও সিটি কর্পোরেশনের রাজস্বও বাড়বে। এছাড়া অবৈধ উচ্ছেদ অভিযান নিয়মিত পরিচালনা করা দরকার। | ০১। যানজট নিরসনে ৫/৭ সিটি বিশিষ্ট সকল অটো/অটো রিক্সা শহরে চলাচল নিষিদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হলো। শুধুমাত্র নির্ধারিত সংখ্যক দু'সিট বিশিষ্ট মিশুক রিক্সা, পায়ে চালিত রিক্সা ও সিএনজি চলাচল করবে। এ লক্ষ্যে বিস্তারিত পর্যালোচনা ও বিচার-বিশ্লেষণপূর্বক সিদ্ধান্ত গ্রহণের জন্য এ সংক্রান্ত পৃথক একটি সভা আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো। | কাউন্সিলর (সকল)<br>সচিব<br>প্রধান রাজস্ব কর্মকর্তা<br>প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা<br>সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)<br>প্রশাসনিক কর্মকর্তা<br>লাইসেন্স কর্মকর্তা<br>বাজার কর্মকর্তা<br>ওয়ার্ড সচিব(সকল) |

| | | | |
|---|---|---|---|
| | সভাপতি বলেন, **'যানজট ও জলাবদ্ধতা নিরসন'** আমার নির্বাচনী প্রতিশ্রুতি। এ প্রতিশ্রুতি বাস্তবায়নে দায়িত্ব গ্রহণের পর থেকেই স্থানীয় প্রশাসন, পুলিশ বিভাগ, সুশীল সমাজ, গণ্যমান্য ব্যক্তিবর্গ, পরিবহন সংগঠন অর্থাৎ সকল স্টেকহোল্ডারের অংশগ্রহণে একাধিক সভা করে তাঁদের সুচিন্তিত মতামত ও পরামর্শের আলোকে সিটি কর্পোরেশনের উদ্যোগে নানাবিধ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। কিছু সুলফও পাওয়া যাচ্ছে। কিন্তু কুমিল্লা শহরে যানজট ও জলাবদ্ধতা দীর্ঘদিনের সমস্যা। নানান বাঁধা ও জঞ্জাল সহসা সুরাহার নয়। পর্যায়ক্রমে এটি উত্তোরণ ঘটবে। এরই অংশ হিসেবে যানজটের অন্যতম কারণ হিসেবে চিহ্নিত শহরে চলাচলকারী হাজার হাজার অটো/অটোরিক্সা নিষিদ্ধ করার প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। কুমিল্লা-০৬ আসনের মাননীয় সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা হাজী আ. ক. ম বাহাউদ্দিন মহোদয়ের অভিপ্রায় ও দিকনির্দেশনা অনুযায়ী শহরের যানজট ও জলাবদ্ধতা নিরসনে সিটি কর্পোরেশন সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। এ চ্যালেঞ্জ মোকাবেলায় সকল স্টেকহোল্ডারের সহযোগিতা প্রয়োজন।<br><br>(খ) **কুমিল্লা সিটি কর্পোরেশনের অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি সভার কার্যবিবরণী অনুমোদন সংক্রান্ত:** ২২/০৫/২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত কুমিল্লা সিটি কর্পোরেশনের **অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি** সভার কার্যবিবরণী সম্মানিত কাউন্সিলর ও কমিটি'র সভাপতি জনাব আবুল কালাম আজাদ সভায় পাঠ করেন এবং তা অনুমোদনের জন্য উপস্থাপন করেন। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>(গ) <u>মেয়র মহোদয়ের গাড়ি ক্রয় সংক্রান্ত</u>: সহকারী প্রকৌশলী(যান্ত্রিক/বিদ্যুৎ) জনাব মো: খাইরুল বাসার জানান, মেয়র মহোদয়ের দাপ্তরিক কাজে ব্যবহৃত বিদ্যমান গাড়িটি (কুমিল্লা মেট্রো-ঘ-১১-০১১৯) অনেক পুরনো। এটি নানাবিধ যান্ত্রিক ক্রটির কারণে প্রায়শ:ই বিকল হয়ে পড়ে। জরুরি মেরামত, যন্ত্রাংশ ক্রয় ও সার্ভিসিং কাজে প্রতি মাসে অপ্রত্যাশিত ব্যয় হয়। এছাড়া পুরনো গাড়ি বিধায় জ্বালানী খরচও বাড়ে। এতে সিটি কর্পোরেশনের তহবিলে বাড়তি চাপ পড়ে। তাই মেয়র মহোদয়ের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য তাঁর অভিপ্রায় অনুযায়ী একটি নতুন পাজারো গাড়ি ক্রয়ের প্রস্তাব করেন। প্রধান নির্বাহী কর্মকর্তা জানান, প্রস্তাবিত গাড়ি ক্রয়ের প্রয়োজনীয়তা ও যৌক্তিকতা তুলে ধরে ইতোমধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য ২৩ মে ২০২৩ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। প্রশাসনিক অনুমোদন পাওয়া গেলে প্রস্তাবিত গাড়ি ক্রয় করা যেতে পারে। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>(ঘ) <u>চকবাজার কামারপট্টি অস্থায়ী দোকান-কোঠা/সেড নির্মাণ</u>: সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৬) জনাব মো: আমিনুল ইকরাম জানান, সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন চকবাজার কামারপট্টি স্থানে কামার পেশাজীবি গরীব লোকেরা বাঁশ-বেড়ার অস্থায়ী কাঠামো করে দীর্ঘদিন যাবত প্রায় ৩০/৪০ বছর ধরে জীবিকা নির্বাহ করে আসছে এবং এরা জাত পেশাজীবি । এখান থেকে সিটি কর্পোরেশন কোনো রাজস্ব পায় না। তাছাড়া শহরে গুরুত্বপূর্ণ ব্যবসা কেন্দ্র চকবাজার স্থানে বাঁশ-বেড়া ছাউনি অশোভন ও বেমানান বটে। নতুনভাবে চকবাজার মার্কেট নির্মাণ অবধি এ স্থানে অস্থায়ী সেড/দোকান-কোঠা তৈরী করে জাত পেশাজীবি কামারদের অস্থায়ী বরাদ্দ প্রদান করা হলে রাজস্ব পাওয়া যাবে এবং পরিবেশের উন্নয়ন ঘটবে। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ০২। ২২/০৫/২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত কুমিল্লা সিটি কর্পোরেশনের **অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি** সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হলো।<br><br>০৩। কুমিল্লা সিটি কর্পোরেশনের মেয়র মহোদয়ের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিল হতে প্রগতি ইন্ডাস্ট্রি লিমিটেড প্রতিষ্ঠান থেকে একটি গাড়ি (MITSUBISHI PAJERO SPORT QX) ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষ্যে প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরিত পত্রের বিষয়ে অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপনের নিমিত্ত প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হলো।<br><br>০৪। কুমিল্লা সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন চকবাজার নতুন মার্কেট নির্মাণ হওয়া পর্যন্ত কামারপট্টি স্থানে অস্থায়ী সেড/দোকান-কোঠা তৈরী করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ লক্ষ্যে সরেজমিন পরিদর্শন/জরীপ/ম্যাপসহ প্রাক্কলন উপস্থাপনের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো। প্রস্তাবিত সেড/দোকান-কোঠা তৈরী হলে প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক কামারশ্রেণি জাত পেশাজীবিদের অগ্রাধিকার ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে বরাদ্দ প্রদান করা হবে। | |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আরফানুল হক রিফাত
মেয়র
কুমিল্লা সিটি কর্পোরেশন
ফোন: ০৮১ ৭৬০৯৯
ইমেইল: coccbd@gmail.com

চলমান পাতা-০৯-

স্মারক নং ৪৬.১৭.১৯.৫০.০১৫.০০.১২৮.২০২২.১৪৫৮(১০০) তারিখ: ২৯/০৫/২০২৩খ্রি.

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: উপসচিব, সিটি কর্পোরেশন-১ শাখা)
০২। জনাব/বেগম ..........................................................................কাউন্সিলর...........নং ওয়ার্ড, কুমিল্লা সিটি কর্পোরেশন
০৩। সচিব, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৪। বিভাগ প্রধান (সকল)..............................................................., কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৫। আইটি কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা(সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। শাখা প্রধান (সকল)................................................................., কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৭। পিএটু মেয়র, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৮। রেকর্ড কিপার, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৯। সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল

ড. সফিকুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা
কুমিল্লা সিটি করপোরেশন
ফোন: ০৮১ ৬৮৭২০
মোবাইল: ০১৭১১ ৩১০৮৯৫
ইমেইল: shafiq.bcs@gmail.com

পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সিটি কর্পোরেশনের কাউন্সিলরবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে):

| ক্রমিক | নাম | পদবী |
|---|---|---|
| ১. | বেগম নাদিয়া নাসরিন | সংরক্ষিত আসনের কাউন্সিলর |
| ২. | বেগম উম্মে কুলসুম | ,, |
| ৩. | বেগম রুমা আক্তার | ,, |
| ৪. | বেগম নূর জাহান আলম(পুতুল) | ,, |
| ৫. | বেগম নেহার বেগম | ,, |
| ৬. | বেগম তাহমিনা আক্তার | ,, |
| ৭. | বেগম ফারহানা পারভীন | ,, |
| ৮. | বেগম শাহীন আক্তার | ,, |
| ৯. | জনাব কাজী গোলাম কিবরিয়া | সাধারণ আসনের কাউন্সিলর |
| ১০. | জনাব গাজী গোলাম ছারোয়ার | ,, |
| ১১. | জনাব সরকার মাহমুদ জাবেদ | ,, |
| ১২. | জনাব মো: নাছির উদ্দিন নাজিম | ,, |
| ১৩. | সৈয়দ রায়হান আহমেদ | ,, |
| ১৪. | জনাব মো: আমিনুল ইকরাম | ,, |
| ১৫. | জনাব আব্দুর রহমান | ,, |
| ১৬. | জনাব মোহাম্মদ একরাম হোসেন | ,, |
| ১৭. | জনাব জমির উদ্দিন খান জম্পী | ,, |
| ১৮. | জনাব মো: মনজুর কাদের(মনি) | সাধারণ আসনের কাউন্সিলর ও মেয়রের প্যানেল সদস্য-০২ |
| ১৯. | জনাব হাবিবুর আল-আমিন সাদী | সাধারণ আসনের কাউন্সিলর ও মেয়রের প্যানেল সদস্য-০১ |
| ২০. | জনাব কাজী জিয়াউল হক | সাধারণ আসনের কাউন্সিলর |
| ২১. | জনাব আবুল কালাম আজাদ | ,, |
| ২২. | জনাব সাইফুল বিন জলিল | ,, |
| ২৩. | জনাব মো: জাহাঙ্গীর হোসেন বাবুল | ,, |
| ২৪. | জনাব হানিফ মাহমুদ | ,, |
| ২৫. | জনাব মোহাম্মদ শওকত আকবর | ,, |
| ২৬. | জনাব মো: রেজাউল করিম | ,, |
| ২৭. | জনাব মো: আনোয়ার হোসেন | ,, |
| ২৮. | জনাব কাজী মাহবুবুর রহমান | ,, |
| ২৯. | জনাব মো: আজাদ হোসেন | ,, |
| ৩০. | জনাব মো: আনিসুজ্জামান | ,, |
| ৩১. | জনাব মো: মহিবুর রহমান | ,, |
| ৩২. | জনাব মো: এমদাদুউল্লাহ | ,, |
| ৩৩. | জনাব মো: আব্দুস সত্তার | ,, |
| ৩৪. | জনাব মো: আবুল হাসান | ,, |

সভায় উপস্থিত সিটি কর্পোরেশনের কর্মকর্তাবৃন্দ(স্বাক্ষরের ক্রমানুসারে):

| ক্রমিক | নাম | পদবী |
|---|---|---|
| ১. | ড. সফিকুল ইসলাম | প্রধান নিবাহী কর্মকর্তা |
| ২. | জনাব গৌতম প্রসাদ চৌধুরী | প্রধান প্রকৌশলী |
| ৩. | জনাব মো: আবু সায়েম ভূইয়া | সচিব(ভারপ্রাপ্ত) |
| ৪. | জনাব মো: মোস্তাফিজুর রহমান | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ৫. | জনাব মো: মাঈন উদ্দিন চিশতী | নির্বাহী প্রকৌশলী |

(সম্মানিত কাউন্সিলরবৃন্দ এবং কর্মকর্তাদের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষণ করা হচ্ছে)